

একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত হবে
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
নার্সিং শিক্ষা শাখা
www.mohfw.gov.bd

নং-৫৯.০০.০০০০.১৪৩.০৬.০১.২০১৭.১৩


তারিখ: ০৮-০১-২০১৯ খ্রিঃ

বিষয়ঃ আয়াত কলেজ অব নার্সিং এন্ড হেলথ সায়েন্সেস এর প্রশাসনিক অনুমোদন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে গত ২৬-১২-২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের নীতিনির্ধারণী কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক আয়াত কলেজ অব নার্সিং এন্ড হেলথ সায়েন্সেস, মানিকনগর বিশ্বরোড, ঢাকা-কে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষ হতে ০৪ বছর মেয়াদি বিএসসি ইন নার্সিং কোর্সে ৪০ (চল্লিশ) টি ও পোস্ট-বেসিক বিএসসি ইন নার্সিং কোর্সে ৩০ (ত্রিশ) টি আসন বরাদ্দ করে শিক্ষার্থী ভর্তির সাময়িক অনুমোদন প্রদান করা হলো।

শর্তাবলীঃ

১. বেসরকারি নার্সিং কলেজ/নার্সিং প্রতিষ্ঠান স্থাপন ও নার্সিং কোর্স চালুকরণ সংক্রান্ত নীতিমালা আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে।
২. ভর্তি, চূড়ান্ত পরীক্ষা, ৫% মেধাবী-দরিদ্র কোটা নির্ধারণ ও শিক্ষক নিয়োগ প্রক্রিয়ায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং বিএনএমিসি'র প্রতিনিধি নিশ্চিত করতে হবে।
৩. প্রয়োজনীয় সংখ্যক নার্সিং ও স্বাস্থ্য বিষয়ক বই, ম্যাগাজিন, পত্রিকাসহ লাইব্রেরী সুসজ্জিতকরণ, উপকরণাদিসহ ৭ টি ল্যাব সুসজ্জিতকরণ, ক্লাসরুম, কমনরুম এবং অন্যান্য রুম সুসজ্জিত করতে হবে।
৪. অধ্যক্ষ, উপাধ্যক্ষ, বিভাগীয় প্রধান ও শিক্ষকগণের সংখ্যানুসারে প্রয়োজনীয় আসবাবপত্র কক্ষসমূহ সুসজ্জিত করতে হবে।
৫. নিয়োগকৃত শিক্ষক, কর্মকর্তা কর্মচারীদের নিয়োগপত্রে শর্তাবলী ও বেতন-স্কেল উল্লেখ করতে হবে, বেতন ভাতাদি যেন কোনোক্রমেই সরকারি কাঠামোর কম না হয়, যা ব্যাংকের মাধ্যমে প্রদান করতে হবে। এর অনুলিপি কাউন্সিলে প্রেরণ করতে হবে।
৬. অনধিক ২০% পুরুষ শিক্ষার্থী ভর্তি করা যাবে।
৭. গভর্নিং বডিতে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি রাখতে হবে।
৮. অনধিক ৭ (সাত) বছরের মধ্যে নিজস্ব ভবন তৈরী করতে হবে।
৯. নার্সিং কলেজ ভবনে অন্য কোন কোর্স/কার্যক্রম চালানো যাবে না।


(উস্মে কুলসুম)
উপসচিব
ফোন-৯৫৪০৯৫৪


পরিচালক/চেয়ারম্যান
আয়াত কলেজ অব নার্সিং এন্ড হেলথ সায়েন্সেস,
মানিকনগর বিশ্বরোড, ঢাকা।

নং-৫৯.০০.০০০০.১৪৩.০৬.০১.২০১৭.১৩/৭৬

তারিখ: ০৮-০১-২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
৩. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, বিজয়নগর, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (চিপি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ। (অতিরিক্ত সচিব মহোদয়ের অবগতির জন্য)।
৬. যুগ্ম-সচিব (নার্সিং শিক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ। (অতিরিক্ত সচিব মহোদয়ের অবগতির জন্য)।


(উস্মে কুলসুম)
উপসচিব।